# পাসপোর্ট, পোস্ট অফিসে বিস্ফোরণের হুমকি ই-মেল

আজকালের প্রতিবেদন

মঙ্গলবারের পর ফের বৃহস্পতিবার কলকাতা–সহ রাজ্যের বিভিন্ন জায়গায় এল হুমকি ই–মেল। বিস্ফোরণ ঘটানো হবে বলে হুমকি দেওয়া হয়েছে। তবে, এবার কেন্দ্রীয় সরকারের দপ্তরগুলিতে এই ই–মেল পাঠানো হয়েছে। পাসপোর্ট অফিস এবং পোস্ট অফিসে ই–মেল আসে। হাওড়ার মুখ্য ডাকঘর, ক্যানিংয়ের পুরোনো ডাকঘর, পুরোনো চাঁদনি এলাকার ডাকঘর, বসিরহাটের প্রধান ডাকঘরে ই–মেল এসেছে। এছাড়াও রামপুরহাট, খড়্গপুর আইআইটি–র ডাকঘর ও পাসপোর্ট সেবা কেন্দ্রে, পূর্ব মেদিনীপুরের তমলুক ও কাঁথি মহকুমার ডাকঘরের পাসপোর্ট পরিষেবা কেন্দ্রে ই–মেল এসেছে। অন্যদিকে, আসানসোল জেলা আদালতে ই–মেল এসেছিল মঙ্গলবার। কিন্তু এদিন এসেছে আসানসোল হেড পোস্ট অফিসে। এসেছে কাটোয়ার মুখ্য ডাকঘরে, আরামবাগের মুখ্য ডাকঘরে। উত্তরবঙ্গেও জলপাইগুড়ি, রায়গঞ্জ, কোচবিহার, বালুরঘাট, মালদার মকদমপুরের মতো প্রধান ডাকঘরগুলিতে হুমকি ই–মেল এসেছে। সর্বত্রই খবর পেয়ে পুলিশ এবং বম্ব স্কোয়াডের কর্মীরা গেছেন। সবাইকে বের করে দিয়ে তল্লাশি চালানো হয়েছে। আতঙ্কে দীর্ঘক্ষণ কাজ বন্ধ হয়ে গিয়েছে। কিন্তু কোনও জায়গাতেই কোনও বোমা বা অন্য কিছু পাওয়া যায়নি। জানা গেছে, ওই মেলে বলা ছিল, আরডিএক্স ব্যবহার করা হবে। কারা এই ধরনের হুমকি ই–মেল কী উদ্দেশে পাঠাচ্ছে কলকাতা ও রাজ্য পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্স। পাশাপাশি সাইবার অপরাধ দমন বিভাগও খোঁজ খবর শুরু করেছে। তবে ই–মেল গুলি যে ভুয়ো, তা নিশ্চিত করেছে পুলিশ।

# বোমাতঙ্কের ঘটনার তদন্ত করছে এসটিএফ: নগরপাল

আজকালের প্রতিবেদন

কলকাতায় আদালত, পাসপোর্ট অফিসে বোমাতঙ্কের হুমকি ই–মেইলের তদন্ত করছে এসটিএফ। বৃহস্পতিবার রাতে অন রোড পুলিশিংয়ে গিয়ে সাংবাদিকদের বললেন নগরপাল সুপ্রতিম সরকার। তিনি বলেন, ‘স্পেশ্যাল টাস্কফোর্সকে ঘটনাটির তদন্তভার দেওয়া হয়েছে। ওরা দেখছে কারা এই ঘটনা ঘটিয়েছে।’ নগরপাল আরও বলেন, ‘ট্রাফিক বিভাগের সমস্ত আধিকারিক ও কর্মীদের রাস্তায় থাকার নির্দেশ দেওয়া হয়েছে। যাতে শহরের যান–চলাচল মসৃণ থাকে।’ এদিন রাত ৮টা থেকে ১০টা পর্যন্ত কলকাতার নানা জায়গায় ‘অন রোড পুলিশিং’ কর্মসূচি চলে। তারই অংশ হিসেবে ধর্মতলায় কেসি দাসের মোড় ও পার্ক স্ট্রিটের জওহরলাল নেহরু ক্রসিংয়ে যান নগরপাল। কর্তব্যরত পুলিশকর্মীদের সঙ্গে কথা বলেন তিনি।

# তুষারে বিপর্যস্ত সিকিমে ভূমিকম্প, কাঁপল দার্জিলিং থেকে শিলিগুড়িও

অলক সরকার
শিলিগুড়ি, ২৬ ফেব্রুয়ারি

ক’দিন ধরেই প্রবল তুষারপাত চলছে পূর্ব সিকিমে। ভারী তুষারপাতে শয়ে শয়ে পর্যটকের গাড়ি আটকে পড়ে ছাঙ্গু, নাথু লা এলাকায়। উদ্ধারে নামতে বাধ্য হয় সেনাবাহিনী। প্রায় ২৭০০ পর্যটককে উদ্ধারও করা হয়েছে। তার মধ্যেই আবার ভূমিকম্প আতঙ্ক তৈরি করল গোটা সিকিমে। সেই আতঙ্ক ছড়াল দার্জিলিং পাহাড় থেকে শিলিগুড়ি–সহ উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকায়।

সিকিম আঞ্চলিক আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, সিকিমে এদিন কম্পনের মাত্রা ৪.৬। তবে প্রাথমিক ভাবে কোনও ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। বৃহস্পতিবার সকাল ১১টা ৫০ মিনিট নাগাদ ভূকম্পন অনুভূত হয়। কম্পনের উৎসস্থল ছিল গ্যাংটকের কাছে গ্যালশিংয়ের ভূপৃষ্ঠ থেকে অন্তত ১০ কিলোমিটার গভীরে। কম্পন নেপাল ও নিম্ন অসমের কিছুটা অঞ্চলেও বোঝা গেছে। শিলিগুড়ি–সহ এই পাহাড়ি এলাকা এতদিন সিসমিক জোন ৪–এর মধ্যে ছিল। এখন সিসমিক জোন ৬–এর অন্তর্ভুক্ত হয়েছে। সিকিম আঞ্চলিক আবহাওয়া দপ্তরের অধিকর্তা গোপীনাথ রাহা বলেন, ‘বিগত কয়েকদিন ধরে যেভাবে ভূমিকম্প হচ্ছে, সেসব পর্যবেক্ষণের পর মনে হচ্ছে, উত্তরবঙ্গের বিভিন্ন এলাকায় কম্পনের তীব্রতা বাড়তে পারে।’



চার্নক লোহিয়া হাসপাতাল উদ্বোধনে মন্ত্রী ফিরহাদ হাকিম, ডাঃ শশী পাঁজা, চন্দ্রিমা ভট্টাচার্য, স্বপন দেবনাথ, সাংসদ দোলা সেন, বিধায়ক বিবেক গুপ্তা, সুস্মিতা শর্মা, চার্নক হাসপাতালের ম্যানেজিং ডিরেক্টর প্রশান্ত শর্মা, কাউন্সিলর মীরা হাজরা, চার্নক হাসপাতালের চেয়ারম্যান সুশীলকুমার মিশ্র, সঞ্জয় বক্সি, স্মিতা বক্সি। ছবি: তপন মুখার্জি

# চার্নক লোহিয়া হাসপাতাল

আজকালের প্রতিবেদন

বাংলায় প্রথম বেসরকারি হেরিটেজ সুপারস্পেশ্যালিটি হাসপাতাল ‘চার্নক লোহিয়া হসপিটাল’–এর উদ্বোধন হল বৃহস্পতিবার। রবীন্দ্র সরণিতে অবস্থিত ২০০ বছরেরও পুরনো ঐতিহ্যবাহী গ্রেড ওয়ান হেরিটেজ ভবন, যেটি সকলের কাছে লোহিয়া মাতৃ সেবাসদন নামে পরিচিত, সেখানেই ২৫০টি শয্যা নিয়ে চালু হল এই হেরিটেজ সুপারস্পেশ্যালিটি হাসপাতাল। তবে রোগী পরিষেবা মার্চের দ্বিতীয় সপ্তাহ থেকে শুরু হবে। হাসপাতালের উদ্বোধনী অনুষ্ঠানে ছিলেন সুস্মিতা শর্মা, চার্নক হাসপাতালের ম্যানেজিং ডিরেক্টর প্রশান্ত শর্মা, সাংসদ দোলা সেন, স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, নারী, শিশু ও সমাজ কল্যাণ মন্ত্রী ডাঃ শশী পাঁজা, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম, প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী স্বপন দেবনাথ, কাউন্সিলর মীরা হাজরা, চার্নক হাসপাতালের চেয়ারম্যান সুশীলকুমার মিশ্র, বিধায়ক বিবেক গুপ্তা, সঞ্জয় বক্সি, স্মিতা বক্সি, কাউন্সিলর তারকনাথ চ্যাটার্জি, ইলোরা সাহা, রাজেশ সিনহা প্রমুখ। পরে অনুষ্ঠানে যান দমকলমন্ত্রী সুজিত বসু।

চার বিঘার বেশি জায়গা জুড়ে এই হাসপাতালে আধুনিক মানের সব রকম চিকিৎসার ব্যবস্থা–সহ ৯০টি ওয়ার্ড, ২০টি প্রাইভেট কেবিন, ৭০টি আইসিইউ শয্যা, ১০ শয্যার জরুরি বিভাগ, ১০ শয্যার ডায়ালিসিস ইউনিট ও যাবতীয় পরীক্ষা–নিরীক্ষার ব্যবস্থা রয়েছে। এই প্রকল্পের জন্য ২৫০ কোটি টাকার বেশি ব্যয় হয়েছে।

## ডিএসওর বিক্ষোভ

স্নাতকস্তরে চার বছরের ডিগ্রি কোর্স এবং সেমেস্টার প্রথা বাতিল, ছাত্র ভোটের দিন ঘোষণা–সহ একাধিক দাবিতে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে বিক্ষোভ দেখাল ছাত্র সংগঠন ডিএসও। এই দাবিতে বৃহস্পতিবার প্রায় ঘণ্টা দেড়েক কলেজ স্ট্রিট অবরোধ করা হয়। পরে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আশুতোষ ঘোষ সংগঠনের চারজন প্রতিনিধির সঙ্গে দেখা করেন। সংগঠনের পক্ষে মিজানুর রহমান বলেন, উপাচার্যকে আমরা এই দাবিগুলি দ্রুততার সঙ্গে মানার দাবি জানিয়েছি।

## মাধ্যমিক পরীক্ষার আগে প্রশ্নপত্রের বিষয়ে ভিডিও, গ্রেপ্তার ৩

মাধ্যমিক পরীক্ষার আগে প্রশ্নপত্র–সহ পরীক্ষা সংক্রান্ত নানা খুঁটিনাটি বিষয়ে একটি ভুয়ো ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছিল। স্পর্শকাতর ভিডিওটি নজরে আসতেই তৎপর হয় পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমিক শিক্ষা পর্ষদ। কর্তৃপক্ষ ভাইরাল সেই ভিডিওটির বিরুদ্ধে পুলিশের কাছে অভিযোগ দায়ের করেছিল। সেই মামলার তদন্তে নেমে মঙ্গলবার তিন ব্যক্তিকে গ্রেপ্তার করল বিধাননগর সাইবার ক্রাইম থানার পুলিশ। ধৃতেরা মুর্শিদাবাদ জেলার বাসিন্দা মাসুদ আলি, ফায়েদ আলি এবং চিরঞ্জিৎ দাস। পুলিশ সূত্রে খবর, চলতি বছরে মাধ্যমিক পরীক্ষার আগে সামাজিক মাধ্যমে ‘সাজেশনস কোয়েশ্চেনস পেপারস’ শীর্ষক একটি ভিডিও ছড়িয়ে পড়েছিল। আবার ভাইরাল ভিডিওতে দেখা গেছে, কোনও অনুমতি ছাড়াই একটি পরীক্ষা কেন্দ্রের ছবি দেখানো হচ্ছে। বিষয়টি নজরে আসতেই আইনি ব্যবস্থা নেয় পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমিক শিক্ষা পর্ষদ। বিধাননগর সাইবার ক্রাইম থানায় অভিযোগ দায়ের হয়। মঙ্গলবার তিন ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতদের জেরা করছে পুলিশ।

## যুবসাথী প্রকল্পে প্রায় ৮৫ লক্ষ আবেদনপত্র জমা

স্বনির্ভর বাংলা শিবির শেষ হল বৃহস্পতিবার, ২৬ ফেব্রুয়ারি। এই শিবিরে যুবসাথী প্রকল্পের জন্য প্রায় ৮৫ লক্ষ আবেদনপত্র জমা পড়েছে। নবান্ন সূত্রে খবর, এদিন পর্যন্ত শিবিরে এসে যুবসাথী প্রকল্পের জন্য আবেদন করেছেন ৬৫ লক্ষ ৫৭৮ জন। অনলাইনে রাত ১১টা পর্যন্ত আবেদন পড়েছে মোট ১৯ লক্ষ। সবচেয়ে বেশি আবেদনপত্র জমা পড়েছে দক্ষিণ ২৪ পরগনা জেলায়। রাত পর্যন্ত প্রায় ৮ লক্ষ আবেদনপত্র পড়েছে এই জেলায়। চলতি মাসের ১৫ তারিখ থেকে এই শিবির শুরু হয়েছিল। শিবিরে যুবসাথীর পাশাপাশি লক্ষ্মীর ভাণ্ডারের আবেদনপত্রও নেওয়া হয়েছে। কিন্তু যুবসাথী প্রকল্পের জন্যই সবচেয়ে বেশি আবেদনপত্র জমা পড়েছে বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে।

## দিঘা থেকে ফেরার পথে দুর্ঘটনা, মৃত ২

দিঘার সমুদ্র দেখে বাড়ি ফেরা হল না দুই বন্ধুর। বৃহস্পতিবার বিকেলে চণ্ডীপুরের শ্রীকৃষ্ণপুরে এক দুর্ঘটনায় প্রাণ হারালেন হাওড়ার দাসনগরের দুই যুবক আদিত্য পোড়াল (২৪) ও দীপ মণ্ডল (২৩)। জানা গেছে, বুধবার বাইকে করে দিঘা বেড়াতে গিয়েছিলেন এই দুই বন্ধু। বৃহস্পতিবার দুপুরে সেখান থেকে বাড়ির উদ্দেশে রওনা দেন তাঁরা। ১১৬–বি জাতীয় সড়ক ধরে ফেরার পথে চণ্ডীপুর এলাকায় একটি বাসকে ওভারটেক করতে যান তাঁরা। ঠিক সেই মুহূর্তেই বিপরীত দিক থেকে আসা অন্য একটি দ্রুতগামী বাস তাঁদের বাইকটিকে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় আদিত্য ও দীপের। স্থানীয়দের দাবি, বাইকচালকের মাথায় হেলমেট থাকলেও পিছনে বসা যুবকের মাথায় হেলমেট ছিল না। খবর পেয়ে পুলিশ দেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।



মানিকতলা ইএসআই হাসপাতালে ১৯ শয্যার অত্যাধুনিক আইটিইউ চালু হল বৃহস্পতিবার। ৪ কোটি ৯৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত এই আইটিইউয়ে রাজ্যের অন্যান্য ইএসআই হাসপাতাল থেকে রেফারাল রোগীরা সহজেই চিকিৎসার সুবিধে পাবেন। এদিন নতুন এই পরিষেবার উদ্বোধন করেন শ্রমমন্ত্রী মলয় ঘটক, দমকলমন্ত্রী সুজিত বসু, বিধায়ক সুপ্তি পান্ডে, মেয়র পারিষদ স্বপন সমাদ্দার, ইএসআইয়ের ডেপুটি ডিরেক্টর ডাঃ ময়ূখ রায়, হাসপাতালের সুপার ডাঃ ইন্দ্রনীল দাস–সহ অন্য আধিকারিকেরা। ছবি: আজকাল


পঞ্জাব নৈশনল বৈংক ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon!

২৭.০৩.২০২৬ তারিখের ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

**অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, দুর্গাপুর**
সিটি সেন্টার, রেড ক্রস রোড, দুর্গাপুর–৭১৩২১৬, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, ই–মেল: cs8222@pnb.bank.in

**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**
ইএমডি (বায়না জমা) এবং নথিপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: ২৭.০৩.২০২৬, দুপুর ২টো পর্যন্ত

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২) অধীনে এই ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’** এবং **‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

**স্থাবর সম্পত্তিগুলির বিবরণ**
**[সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার গঠনমূলক / বাস্তবিক দখলে রয়েছে]**

| ক্রম নং | অ্যাকাউন্টের নাম, ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা | বন্ধক রাখা স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতার নাম] এবং দখলের প্রকৃতি | ক) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) ১৩(২) নোটিসের তারিখে বকেয়া | ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য (টাকার অঙ্কে) | ই–নিলামের তারিখ ও সময় | সুরক্ষিত ঋণদাতার জানা দায় সম্পর্কিত তথ্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | শাখা অফিস: ০৪৮২১০– হলদি অ্যাকাউন্ট: মেসার্স আইপিজেড লেয়ার ফার্ম অ্যাকাউন্ট নম্বর: 048210EG00000010, 04824011000820, 04827011000661 04827121000032 গ্রাম ও পোঃঅঃ– ওরগ্রাম, থানা– ভাতার, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩১২৮ শেখ ইমামউদ্দিন (অংশীদার) পরসিনা বেগম (অংশীদার) | (১) নিম্নোক্ত জমি ও বাড়ি নিয়ে গঠিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: গ্রাম ও মৌজা– ওরগ্রাম, জে এল নং ১১, এল আর খতিয়ান নং ৬৭৯০ ও ৬৫৫৪ (পূর্বতন এল আর খতিয়ান নং ৩১), এল আর প্লট নং ৫২৭৮, ৫২৮০, ৫২৮১, ৫২০৫/১৬৬১৭ ও ৫২৭৯, দলিল নং I–০৬৬/২০১৮ এবং I–৫৯০৬/২০১৭ অনুসারে, জমির পরিমাপ– ২.৩৪ একর, সম্পত্তির মালিকানা যৌথরূপে পরসিনা বেগম ও শেখ ইমামউদ্দিন–এর নামে। (২) নিম্নোক্ত জমি ও বাড়ি নিয়ে গঠিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: গ্রাম ও মৌজা– ওরগ্রাম, জে এল নং ১১, এল আর প্লট নং ৮৪১৯, এল আর খতিয়ান নং ৬৫৫৪ (পূর্বতন এল আর খতিয়ান নং ৮২৬৯), জমির প্রকৃতি– বাস্তু, পোঃঅঃ– ওরগ্রাম, থানা– ভাতার, দলিল নং ৩৪৫৮/২০১১ অনুসারে, জমির পরিমাপ– ০.১৭ একর, সম্পত্তির মালিকানা শেখ ইমামউদ্দিন–এর নামে। প্রতীকী দখলের অধীন | ক) ১৪.০৫.২০২৪ খ) ২৪.০৭.২০২৪ গ) ₹৩,০০,২০,৭১৭.১৫ ৩১.০৫.২০২৪ অনুসারে সহ সম্পূর্ণ প্রদান পর্যন্ত উদ্ভূত সুদ এবং চার্জ | ক) ₹২,৮১,৬৮,০৬৫/– খ) ₹২৮১৬৮০৬.৫০/– গ) ₹১০০০০ | ২৭.০৩.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা | ব্যাঙ্কের জানা নেই |
| ২ | শাখা অফিস: ১২৫৪১০– বর্ধমান–স্টেশন বাজার অ্যাকাউন্ট: ওরগ্রাম হ্যাচারিজ অ্যাকাউন্ট নম্বর: 125410EG00000021 12544015000438 12547121000267 গ্রাম ও পোঃঅঃ– ওরগ্রাম, সাবান কারখানার নিকটে, থানা– ভাতার, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩১২৮ শেখ ইমামউদ্দিন (অংশীদার) পরসিনা বেগম (অংশীদার) | প্রাথমিক জামিন: বর্তমান ও ভবিষ্যতে ঋণগ্রহীতা কোম্পানির যাবতীয় মজুত পণ্য, বহি দায় ও অপর সকল চলতি পরিসম্পদের রেহানাবন্ধন অন্তর্ভুক্ত করে বর্তমান ও ভবিষ্যতে এই ইউনিটের সমগ্র চলতি পরিসম্পদের ওপর একচ্ছত্র চার্জ অর্থাৎ, পোলট্রির বার্ড, চিক, ফিডস, কাঁচামাল, যন্ত্র ও যন্ত্রাংশ, কাঠামো, শেড, প্রেমিসেসের মধ্যে স্থাপিত ফার্মের অন্য স্থায়ী সম্পদ এবং ব্যাঙ্ক ফিনান্সের বাইরে অন্য সকল সম্পদ। সমান্তরাল জামিন: জমি ও বাড়ির সমবন্ধক, মৌজা ওরগ্রাম, থানা ভাতার, জেলা পূর্ব বর্ধমান, জে এল নং ১১, এল আর খতিয়ান নং ৬৫৫৪ এবং ৬৭৯০, প্লট নং ৫২০৫/১৬৬১৩, বিক্রয় দলিল নং ৫৬৫/২০১০, ১৯৪২/২০১০, ১৯৪৩/২০১০, জমির শ্রেণী– পোলট্রি ফার্ম এবং ফিড মিল। জমির মাপ ১.৩২ একর, মালিক শেখ ইমামউদ্দিন এবং শ্রীমতী পরসিনা বেগম। (প্রতীকী দখলের অধীন) | ক) ০৯.০৭.২০২৪ খ) ২৫.০৯.২০২৪ গ) ₹১,৬৫,০৭,৬১৫.৮৬/– ৩০.০৬.২০২৪ অনুসারে তৎসহ সম্পূর্ণ প্রদান পর্যন্ত উদ্ভূত সুদ এবং চার্জ | ক) ₹১,০০,২২,০৮৫.০০/– খ) ₹১০,০২,২০৮.৫০/– গ) ₹১০০০০ | ২৭.০৩.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা | ব্যাঙ্কের জানা নেই |
| ৩ | শাখা অফিস: ০৪৮২১০– হলদি অ্যাকাউন্ট: মেসার্স আইপিজেড এন্টারপ্রাইজ অ্যাকাউন্ট নম্বর: 0482108700000538 048210CN00000011 | প্রাথমিক জামিন: বর্তমান ও ভবিষ্যতে ঋণগ্রহীতা কোম্পানির যাবতীয় মজুত পণ্য, বহি দায় ও অপর সকল চলতি পরিসম্পদের রেহানাবন্ধন অন্তর্ভুক্ত করে বর্তমান ও ভবিষ্যতে এই ইউনিটের সমগ্র চলতি পরিসম্পদের ওপর একচ্ছত্র চার্জ অর্থাৎ, মজুত ডিমের ট্রে, কাঁচামাল, যন্ত্র ও যন্ত্রাংশ এবং আনুষঙ্গিক উপকরণসমূহ। সমান্তরাল জামিন: নিম্নোক্ত জমি, বাড়ি ও কাঠামো নিয়ে গঠিত সম্পত্তি যার স্থিতি ও বিবরণ: জেলা– পূর্ব বর্ধমান, থানা– ভাতার, মৌজা– ওরগ্রাম, জে এল নং ১১, সাহেবগঞ্জ ২ নং গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, আর এস এবং এল আর প্লট নং ৫২০৫/১৬৬১৩, এল আর খতিয়ান নং ৬৫৫৪, জমির প্রকৃতি– পোলট্রি খামার, জমির পরিমাপ– ১.৩২ একর, ১৪.১১.২০১৩ তারিখের দলিল নং ৩০০৩ এবং ০৬.০৬.২০২৪ তারিখের দলিল নং ১১১৩ অনুসারে সম্পত্তির মালিকানা শেখ ইমামউদ্দিন–এর নামে। | ক) ১০.০৬.২০২৪ খ) ২০.০৮.২০২৪ (প্রতীকী দখল) গ) ₹২,০৫,৬১,৬৫৬.৫৩/– ০৬.০৬.২০২৪ অনুসারে | ক) ₹৩,৩১,৩৪,৪৪৫.০০/– খ) ₹৩৩,১৩,৪৪৪.৫০/– গ) ₹১০০০০/– | ২৭.০৩.২০২৬ সকাল ১১টা থেকে বিকাল ৪টা | ব্যাঙ্কের জানা নেই |

**শর্ত ও নিয়মাবলি**
এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:
১. সম্পত্তিগুলি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’** এবং **‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে প্রদত্ত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. এই বিক্রি **২৭.০৩.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪টার** মধ্যে **https://www.baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com** ওয়েবসাইট দেখুন।
৫. বিক্রির শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী বিডারগণ অনুগ্রহপূর্বক এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন: **মিঃ অশোক কুমার (চিফ ম্যানেজার), মোবাইল: ৯১০২৪০৫৭৯০।**

সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১) অধীনে ৩০/১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

তারিখ: ২৭.০২.২০২৬
স্থান: দুর্গাপুর

অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল রুল ৮(৬) ও ৯(১) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি


# গ্লোবাল গ্রুপ অফ ইনস্টিটিউশনস–এর নতুন ক্যাম্পাসের শুভ শিলান্যাস




**নিজস্ব প্রতিনিধি। ২৬ ফেব্রুয়ারি ২০২৬:** গ্লোবাল গ্রুপ অফ ইনস্টিটিউশনস–এর নতুন ক্যাম্পাসের শুভ শিলান্যাস অনুষ্ঠান ২৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে সাড়ম্বরে অনুষ্ঠিত হয়। বৈদিক মন্ত্রোচ্চারণ ও পূজা–অর্চনার মধ্য দিয়ে শুভ শিলান্যাস সম্পন্ন করেন স্বামী মুক্তেশ্বরানন্দজি মহারাজ।

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মন্ত্রী শ্রী বিপ্লব রায়চৌধুরি মহাশয়।

এছাড়াও অনুষ্ঠানে গৌরবময় উপস্থিতি ছিল বিশিষ্ট চিত্রপরিচালক কৌশিক গাঙ্গুলি, বিশিষ্ট ক্রীড়াবিদ সম্বরণ ব্যানার্জি–সহ শিক্ষা, সংস্কৃতি ও ক্রীড়াজগতের বিশিষ্ট ব্যক্তিবর্গের। অনুষ্ঠানে প্রতিষ্ঠানের শীর্ষ কর্তৃপক্ষ, শিক্ষক–শিক্ষিকা, ছাত্রছাত্রী, কর্মকর্তা–কর্মচারী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বৈদিক রীতিতে শিলান্যাস সম্পন্ন হওয়ার মধ্য দিয়ে এই শিক্ষা প্রতিষ্ঠানের এক নতুন অধ্যায়ের সূচনা হয়। উল্লেখ্য, ১৯৯৮ সালে জেলার ছাত্রছাত্রীদের জন্য উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টির মহান উদ্দেশ্য নিয়ে গ্লোবাল গ্রুপ অফ ইনস্টিটিউশনস–এর পথচলা শুরু হয়। প্রতিষ্ঠালগ্ন থেকেই শিক্ষাকে সকলের নাগালের মধ্যে পৌঁছে দেওয়াই ছিল এর মূল লক্ষ্য, যাতে মেধা কখনও সুযোগের অভাবে থেমে না যায়।

সময়ের চাহিদা অনুযায়ী প্রতিষ্ঠানটিতে সংযোজিত হয়েছে একাধিক আধুনিক ও কর্মমুখী কোর্স। এর মধ্যে রয়েছে Business Management, Digital Marketing, Computer Applications, Artificial Intelligence & Machine Learning, Data Science & Cybersecurity, Hospital Management, Hotel & Hospitality Management এবং Aviation Management। এই কোর্সগুলি শিক্ষার্থীদের ভবিষ্যৎ কর্মজীবনের জন্য দক্ষ ও আত্মবিশ্বাসী করে গড়ে তুলছে।

বর্তমানে প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা দেশ ও বিদেশের বিভিন্ন ক্ষেত্রে সাফল্যের সঙ্গে কর্মরত। ইতিমধ্যেই পাঁচ হাজারেরও বেশি শিক্ষার্থীর শিক্ষা ও কর্মজীবন গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে গ্লোবাল গ্রুপ অফ ইনস্টিটিউশনস।

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দৃঢ় প্রত্যয়, খুব শীঘ্রই এই প্রতিষ্ঠান হলদিয়া তথা পশ্চিমবঙ্গের শিক্ষাক্ষেত্রে নেতৃত্বদানকারী অন্যতম প্রধান প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করবে, যেখানে প্রত্যেক শিক্ষার্থী নিজের সম্ভাবনাকে চিনতে পারবে এবং নিজের স্বপ্নকে বাস্তবে রূপ দিতে সক্ষম হবে। আগামী দিনে একাধিক নতুন স্নাতক ও স্নাতকোত্তর কোর্স চালুর পরিকল্পনার মাধ্যমে শিক্ষাকে পেশার পাশাপাশি সমাজসেবার শক্তিতে পরিণত করার লক্ষ্য নেওয়া হয়েছে। আজ, আগামী কাল এবং আগামী বহু বছরের জন্য সমাজকে আরও উন্নত ও মানবিক শিক্ষাসেবা প্রদান করাই প্রতিষ্ঠানের অঙ্গীকার।

## শিক্ষাক্ষেত্রে নতুন দিগন্তের সূচনা

অনুষ্ঠানে বক্তারা আরও জানান, নতুন এই ক্যাম্পাস আধুনিক শিক্ষা পরিকাঠামো গড়ে তোলার পাশাপাশি শিক্ষার্থীদের জন্য উন্নত ও মানসম্মত শিক্ষার পরিবেশ নিশ্চিত করবে। আগামী দিনে আইন, স্বাস্থ্য বিষয়ক এবং একাধিক স্নাতকোত্তর কোর্স অন্তর্ভুক্ত করার পরিকল্পনার কথাও জানানো হয়। তাঁদের মতে, শিক্ষা একটি চলমান সাধনা, যার প্রতিটি ধাপই নতুন সূচনার দিকে এগিয়ে নিয়ে যায়। **অনুষ্ঠানটি সুশৃঙ্খল ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়।**